This question paper consists of **31** questions and **8** printed pages]

**Roll No.** | | | | | | | | | | | | **Code No. 36/S/A/B**

# BENGALI
# বাংলা
# (203)

Day and Date of Examination ..........................................................................

Signature of Invigilators 1 ..........................................................................

2 ..........................................................................

..........................................................................................................

সাধারন নির্দেশিকা ঃ

1. পরীক্ষার্থী প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠায় অবশ্যই তাঁর নাম ও রোল নাম্বার লিখিবেন।
2. প্রশ্নপুস্তিকার প্রথম পৃষ্ঠার উপরে ছাপা প্রশ্ন সংখ্যা ও প্রশ্নপত্রের পৃষ্ঠার সংখ্যার সঙ্গে আপনার প্রশ্নপত্রের সংখ্যা মিলিয়ে নিন। প্রশ্নাবলি পরপর আছে কিনা তাও মিলিয়ে নিন।
3. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেওয়ার জন্য **A, B, C** এবং **D** এর যেকোনো একটি সঠিক বিকল্পকে বেছে নিয়ে আপনাকে দেওয়া পৃথক উত্তর পুস্তিকায় সেটি নির্দেশিত করুন।
4. বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলিসহ সবগুলি প্রশ্নের উত্তর নির্ধারিত সময়েরই মধ্যেই দিতে হবে। বিষয়মূলক (Objective type) প্রশ্নগুলির উত্তর দেবার জন্য পৃথক সময়সীমা নির্ধারিত নেই।
5. নির্দিষ্ট স্থান ছাড়া অন্যস্থানে পরিচয়জ্ঞাপক চিহ্ন দিলে অথবা রোল নাম্বার লিখলে পরীক্ষার্থী অযোগ্য বিবেচিত হতে পারেন।
6. উত্তর পুস্তিকায় প্রশ্নপুস্তিকার Code No. **36/S/A/B** লিখুন।

P.T.O.

# BENGALI

# বাংলা

# (203)

**সময় ঃ 3 ঘন্টা** **পূর্ণমান ঃ 100**

**নির্দেশ ঃ** 1 থেকে 20 প্রশ্নগুলি বহুমুখী (**Multiple Choice**); প্রতিটি প্রশ্নের সঙ্গে 4 টি করে সম্ভাব্য উত্তর দেওয়া আছে। সঠিক উত্তর আপনার উত্তর পুস্তিকায় লিখুন। উত্তরে কাটাকাটি হলে নম্বর দেওয়া হবে না। অন্যান্য প্রশ্ন বাধ্যতামূলক। প্রতিটি প্রশ্নের পাশে নম্বর দেওয়া আছে।

1. ‘কান্ডারী হুঁশিয়ার’ কবিতায় কবি কাদের সাবধান হতে বলেছেন **1**

   (A) ইংরেজদের (B) হিন্দুদের

   (C) মুসলমানদের (D) মাতৃমন্ত্রী সান্ত্রীদের

2. ‘জলসত্র’ অনুযায়ী জলসত্রে ব্রাক্ষ্মণদের জন্য রাখা হত **1**

   (A) কাঁসার গেলাস (B) বাতাসা

   (C) মাটির ভাঁড় (D) সন্দেশ

3. ‘অবাক জলপান’ অনুযায়ী খোকার মামার মাথায় ছিল **1**

   (A) পাকা চুল (B) টাক

   (C) কালো কোঁকড়ানো চুল (D) লালচে চুল

4. ‘জন্মভূমি আজ’ অনুযায়ী ফসল ফলাতে না জানলে মাটি **1**

   (A) আগাছায় ভরে যাবে (B) ফেটে চৌচির হবে

   (C) আগুনের মতো হবে (D) ক্ষয়ে যাবে

5. ‘মাদাম কুরি’ অনুযায়ী জোলিও ২/৩ বার ভারতে এসেছিলেন **1**

   (A) হিমালয় ভ্রমণের জন্য (B) নানা ভাবের বিচক্ষণ পরামর্শ দিতে

   (C) তাজমহল দেখতে (D) চিকিৎসার জন্য

6. ‘ধ্বংস’ অনুযায়ী পিয়ের পেয়েছিল 1

(A) গুপ্তধন (B) লটারি

(C) পিসিমার সম্পত্তি (D) সেনানায়কের তকমা

7. ‘মিলনের কথা’ অনুযায়ী নবাবগঞ্জ আশ্রমের মুখপত্রের নাম 1

(A) জয়বার্তা (B) শ্রমজীবী

(C) হাতে খড়ি (D) যুগ সংবাদ

8. ‘ছোওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র’ অনুযায়ী ‘আমাকে ছুঁস নে রে, ছুঁস নে’ বলেছে 1

(A) দাদাঠাকুর (B) পঞ্চক

(C) মহাপঞ্চক (D) প্রথম শোণপাংশু

9. ‘রেকর্ড’ অনুযায়ী সেকেন্ড হ্যান্ড মার্কেটকে চলতি বাংলায় বলা হয় 1

(A) পুরোনো জিনিসের দোকান (B) দুটি জিনিস কেনার দোকান

(C) বাতিল জিনিসের দোকান (D) চোরা বাজার

10. ‘ভারতীয় সংস্কৃতির ধারা’ অনুযায়ী আরো কয়েকখানি গীতা উপনিষদ লেখা হত 1

(A) কাগজ কলম থাকলে (B) ব্রহ্মজ্ঞান থাকলে

(C) টাকা থাকলে (D) লাইব্রেরি থাকলে

11. ‘চোট্টি মুন্ডা এবং তার তীর’ অনুযায়ী জেল থেকে বেরিয়েই পূর্তি গিয়েছিল 1

(A) পালামৌ (B) চাইবাসা

(C) মরিশাস (D) রাঁচি

12. ‘জন্মভূমি আজ’ অনুযায়ী ‘অন্ধকার তোমার বুকের ওপর’ 1

(A) বরফের মতো (B) হাতির মতো

(C) শ্রাবণের মেঘের মতো (D) কঠিন পাথরের মতো

13. 'দাঁড়াও' অনুযায়ী 'তুমি মানুষ হয়ে পাশে দাঁড়াও' কেন না 1

(A) মানুষ পথ হারিয়েছে (B) মানুষ বড়ো কাঁদছে

(C) মানুষ রোগে যন্ত্রণা পাচ্ছে (D) মানুষ ক্ষুধায় কষ্ট পাচ্ছে

14. সান্ত্রী শব্দটি বাংলা শব্দ ভান্ডারে এসেছে 1

(A) গুজরাটি সূত্রে (B) হিন্দি সূত্রে

(C) ইংরেজি সূত্রে (D) আরবি সূত্রে

15. 'মাদাম কুরি' অনুযায়ী মারীর কন্যা আইরিন শিক্ষা লাভ করেছিলেন 1

(A) অক্সফোর্ডে (B) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে

(C) আমেরিকায় (D) মায়ের কাছে

16. 'জলসত্র' অনুযায়ী ছমিরুদ্দি মিঞার গায়ে ছিল 1

(A) সবুজ পাঞ্জাবি (B) নীল গেঞ্জি

(C) নতুন সাদা ফতুয়া (D) নতুন পাটভাঙা ধবধবে সাদা টুইলের সার্ট

17. কোনটি ঠিক 1

(A) উর্ধথিত (B) ঊর্ধাস্থিত

(C) ঊর্ধ্বোল্থিত (D) উর্ধোল্থিত

18. খঞ্জর শব্দের অর্থ 1

(A) খোঁড়া মানুষ (B) খঞ্জনি

(C) একধরনের ভারবাহী জীব (D) ছোরা বা ছোট তলোয়ার

19. তাপ্পি মারা-র অর্থ 1

(A) হাতে তালি দেওয়া (B) মিথ্যা কথা বলা

(C) ফুটো, ছেঁড়া-ফাঁটায় তালি দেওয়া (D) তালগোল পাকানো

20. 'রেকর্ড' অনুযায়ী করুণার পড়া নষ্ট করে দিয়েছিল 1

(A) কালী পুজোর দিনে বাজির শব্দ (B) তাঁর স্বামীর কেনা রেকর্ডের গান

(C) লোড শেডিং (D) বাড়িতে অতিথি আগমন

**21 ক - 21চ প্রশ্নগুলির উত্তর 10-15 টি শব্দে দিতে হবে।**

21. (ক) 'লাল' গল্পে মনোহর চাটুজ্জের বাড়ি কালীপুজোর দিন গুরুদেব কী করছিলেন? 1

24 ক - 24 চ প্রশ্নগুলির উত্তর **10-15** টি শব্দে দিতে হবে।

**24.** (ক) 'কান্ডারী হুঁশিয়ার' কবিতায় কবি কান্ডারীকে কী বলতে বলেছেন ? **1**

(খ) 'শুধু ভাঙা নয়' কবিতায় কেমন জীবনকে ঘরে আনার কথা বলা হয়েছে ? **1**

(গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতা অনুযায়ী বেহুলা কী শুনেছিল ? **1**

(ঘ) 'দাঁড়াও' কবিতা অনুযায়ী মানুষ ফাঁদ পাতলে কী করতে হবে ? **1**

(ঙ) 'জন্মভূমি আজ' অনুযায়ী আকাশের ভয়ংকরকে কী জানিয়ে দিতে হবে ? **1**

(চ) 'পিয়ানোর গান' কবিতায় কবির বুলবুল কে ? **1**

25 ক - 25 গ প্রশ্নগুলির উত্তর **20-25** টি শব্দে দিতে হবে :

**25.** (ক) 'ওরা কাজ করে' কবিতায় পাঠান-মোগলদের সম্পর্কে কী উল্লেখ আছে ? **2**

(খ) 'ছাড়পত্র' কবিতায় কবির অঙ্গীকার কী ? **2**

(গ) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় চাঁদ সদাগরের কোন্ অভিজ্ঞতার উল্লেখ আছে? **2**

**26.** 'জন্মভূমি আজ' কবিতার মূলভাবটি **100** শব্দের মধ্যে লিখুন। **8**

**অথবা**

'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতায় কবি কেন পৃথিবীর রূপ খুঁজতে যান না, তা ব্যাখ্যা করুন। (অনধিক **100** টি শব্দে)

**27.** 'অবাক জলপান'-এ মামার চরিত্র যেভাবে ফুটে উঠেছে তার পরিচয় দিন। **6**

**অথবা**

'ছোঁওয়াছুঁয়ি মন্ত্রতন্ত্র'-এ অচলায়তন সম্পর্কে যেসব উল্লেখ আছে, সেগুলি লিখুন।

28. ভাব সম্প্রসারণ করুন 5

লুকিয়ে আছে শিশুর পিতা
সব শিশুদের অন্তরে

**অথবা**

ভাবার্থ লিখুন

ভুল হয়ে গেছে বিলকুল
আর সবকিছু ভাগ হয়ে গেছে
ভাগ হয়নিকো নজরুল।
এইটুকু ভুল বেঁচে থাক
বাঙালি বলতে একজন আছে
দুর্গতি তার ঘুচে যাক।

29. আপনাদের ক্লাব বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছে। বিচারক হওয়ার অনুরোধ জানিয়ে এলাকার কোনো বিশিষ্ট ব্যক্তিকে চিঠি লিখুন। 5

**অথবা**

আপনি একটি সেবামূলক কাজে অংশগ্রহণ করেছিলেন। তার অভিজ্ঞতার বিবরণ দিয়ে বন্ধুকে চিঠি লিখুন।

30. (ক) নির্দেশ অনুযায়ী পরিবর্তন করুন (যেকোনো 4 টি) 4

সে চুপ করে রইলো।(নাস্ত্যর্থক বাক্যে)

আমি বই পড়ি। (প্রশ্নবোধক বাক্যে)

লিচুগুলো কী মিষ্টি! (নির্দেশক বাক্যে)

আমি যে আসব তা সবাই জানতো। (সরল বাক্যে)

আপনার প্রস্তাব ভেবে দেখা হবে। (জটিল বাক্যে)

(খ) বানান-ভুল সংশোধন করুন (যেকোন 4 টি) **4**

ত্রিতীয়, পৈত্রিক, বিস্ফোরণ, বিভিষিকা, শ্রমীক।

(গ) পদান্তর করুন (যেকোন 4 টি) **4**

সৈন্য, মেঠো, মনুষ্যত্ব, রাগী, পবিত্রতা।

(ঘ) যেকোন 4 টি প্রবাদ প্রবচন দিয়ে 4 টি অর্থবহ বাক্য লিখুন **4**

গভীর জলের মাছ, ডুমুরের ফুল, চাঁদের হাট, অরণ্যে রোদন, উত্তম-মধ্যম।

**31.** যেকোনো একটি বিষয় অবলম্বনে অনধিক 100 টি শব্দে প্রবন্ধ লিখুন : **8**

(ক) বিজ্ঞান ও আমাদের জীবন

(সংকেত ঃ বিজ্ঞানের বিভিন্ন দানে আমাদের দৈনন্দিন জীবন নির্বাহিত হয়- বিদ্যুৎ, গ্যাস, ঠান্ডাঘরে শাকসব্জি, মাছ-মাংস-ডিম-দুধ রক্ষণ ও বিপণন, বাড়ির ফ্রিজ, ওষুধ পত্র চিকিৎসা, যাতায়াত, সর্বত্রই বিজ্ঞান - লেখাপড়ায় ক্যালকুলেটার, কম্পিউটার, ওভারহেড প্রোজেক্টার - মুদ্রণ শিল্পে ডিটিপি - বিনোদনে টিভি - যোগাযোগে টেলিফোন, মোবাইল ফোন - সর্বত্রই বিজ্ঞান।)

(খ) একটি বর্ষণ মুখর দিন

(সংকেত ঃ দিনটির বর্ণনা - কীভাবে আপনি দিনটি কাটিয়েছে - চারিদিকের অবস্থা কেমন ছিল - মানুষের অবস্থা কেমন হয়েছিল - আপনার সামগ্রিক অভিজ্ঞতা।)

(গ) সমাজজীবনে সাধারণ গ্রন্থাগার

(সংকেত ঃ গ্রন্থাগার কী, সাধারণ গ্রন্থাগার কী - স্বাধীনতা আন্দোলনে গ্রন্থাগার ছিল আন্দোলনের কেন্দ্র - সুস্থ সামাজিক সম্পর্ক স্থাপনে গ্রন্থাগার - সুস্থ জীবন গঠনে গ্রন্থাগার - গ্রন্থাগার সমাজের সাংস্কৃতিক কেন্দ্র।)

(ঘ) আতিথেয়তা

(সংকেত ঃ ভারতীয় জীবনে অতিথি দেবতার মতো - প্রায় সব সম্প্রদায়ই অতিথিকে সম্মান করে - অতিথি সেবার মাধ্যমে আত্মপ্রসার ঘটে - আতিথেয়তা মানব বন্ধনের সেতু।)